

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সরাইল, ব্রাক্ষণবাড়িয়া।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা ব্রাক্ষণবাড়িয়া জেলার সরাইল উপজেলার শাহজাদাপুর ইউনিয়নের দেওড়া বাজারের সকল ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় হতদরিদ্রদের মধ্যে সরকার নির্ধারিত মূল্যে খাদ্য সহায়তার লক্ষ্যে কার্ডের মাধ্যমে খাদ্যশস্য বিক্রির কার্যক্রম পরিচালনার জন্য দেওড়া বাজার কেন্দ্রে ১ জন খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার নিয়োগের নিমিত্তে দরখাস্ত আহবান করা হচ্ছে। আগ্রহী ব্যবসায়ী/ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ১২/০১/২০২০ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সরাইল বরাবরে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন জমা দিতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

শর্তাবলীঃ-

- ১) আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ২) আগ্রহী প্রার্থীদেরকে তাদের নিজস্ব লেটার হেড প্যাডে/সাদা কাগজে আবেদনপত্র দাখিল করতে হবে।
- ৩) আবেদনপত্রের সাথে ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দিতে হবে।
- ৪) ব্যবসায়ী হিসাবে হালসনের ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৫) আইডি কার্ডের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৬) দোকানের মালিকানার দলিলপত্র/ ভাড়াটিয়া চুক্তিনামার কপি দাখিল করতে হবে।
- ৭) দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে।
- ৮) মাসিক বরাদ্দকৃত সম্পূর্ণ চাল ধারণক্ষমতা সম্পন্ন দোকানে ডিলারকে উক্ত চাল সংরক্ষণের সুব্যবস্থা করতে হবে।
- ৯) ডিলারকে আর্থিকভাবে স্বচ্ছতার স্বপক্ষে ব্যাংক সলভেন্সি প্রদান করতে হবে।
- ১০) শাস্তিপ্রাপ্ত/কালো তালিকাভুক্ত/বাতিল ও সাময়িকভাবে বরখাস্তকৃত ব্যক্তি ডিলার নিয়োগের জন্য আবেদন করতে পারবে না।
- ১১) একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচির ডিলার হতে পারবেন না।
- ১২) কোন সরকারি কর্মচারি কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলী ছাড়াও সরকারী যে কোন শর্তাবলী ডিলারকে অনুসরণে বাধ্য থাকতে হবে।

(মোঃ শামীম আহামেদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সরাইল, ব্রাক্ষণবাড়িয়া।
তারিখ- ২৯/১২/২০১৯ খ্রি।

- স্মারক নং- ১৩.০১.১২৯৪.০০৪.৫৭.০০২.১৭- ৪৮৭ (১৬)
- অনুলিপিঃ- সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
- ১) মাননীয় সংসদ সদস্য, ব্রাক্ষণবাড়িয়া-২ ও প্রধান উপদেষ্টা।
 - ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাক্ষণবাড়িয়া।
 - ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সরাইল, ব্রাক্ষণবাড়িয়া ও উপদেষ্টা।
 - ৪) উপজেলা নির্বাহী অফিসার, সরাইল ও সভাপতি।
 - ৫) ভাইস চেয়ারম্যানগণ, উপজেলা পরিষদ, সরাইল ও সদস্য।
 - ৬) উপজেলা কৃষি কর্মকর্তা, সরাইল ও সদস্য।
 - ৭) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সরাইল ও সদস্য।
 - ৮) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সরাইল ও সদস্য।
 - ৯) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সরাইল ও সদস্য।
 - ১০) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সরাইল ও সদস্য।
 - ১১) জনাব বদর উদ্দিন বদু, সভাপতি, উপজেলা প্রেস ক্লাব, সরাইল ও সদস্য।
 - ১২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, সরাইল এলএসডি।
 - ১৩) চেয়ারম্যান, শাহজাদাপুর ইউনিয়ন পরিষদ, সরাইল।
 - ১৪) সভাপতি/সাধারণ সম্পাদক, দেওড়া বাজার কমিটি, সরাইল।
 - ১৫) নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/অত্র দপ্তর/শাহজাদাপুর ইউনিয়ন পরিষদ, সরাইল।
 - ১৬) অফিস কপি।

(মোঃ শামীম আহামেদ)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
সরাইল, ব্রাক্ষণবাড়িয়া।